দক্ষিণের সাঁকো পত্রিকা

ইতিহাস ও সাহিত্য বিষয়ক

A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal
Regd. No. - WBBEN/2016/74935
ISSN : 2582-2519

চতুর্দশ বর্ষ, ফেব্রুয়ারি ২০২৫
প্রথম খণ্ড

সম্পাদক
স্বপনকুমার মণ্ডল
সৃজনী মণ্ডল

সাধন চট্টোপাধ্যায়ের ছোটোগল্পে কোভিডের ছবি ও প্রতিচ্ছবি

মুন্সী মহম্মদ সাইফুল আহমেদ
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
গৌহাটি বিশ্ববিদ্যালয়

সারসংক্ষেপ: আলব্যেয়ার ক্যামুর 'দ্য প্লেগ' উপন্যাসটির বিশ্বসাহিত্যে পরিচিতি মহামারির জীবন্ত রূপদানের জন্য। ২০২০ খ্রিস্টাব্দের কোভিড মহামারি বিশ্বজুড়ে প্রবল সংক্রমণের কারণে মৃত্যুমিছিল সৃষ্টি করেছিল, আমাদের দেশ এবং পশ্চিমবঙ্গও ব্যতিক্রম নয়। সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবন ছিন্নভিন্ন হয়ে পড়েছিল সংক্রমণের কালে। অন্যান্য মহামারির মতোই বাংলা কথাসাহিত্যে তার ভয়াবহ রূপচ্ছবি উঠে এসেছে। সমসাময়িক কথাকার সাধন চট্টোপাধ্যায়ের গল্প-আখ্যানে সমকালের কোভিড সংক্রান্ত জীবনযাত্রার ভয়াবহ দিনগুলির নানান জীবন্ত ছবি অঙ্কিত হয়েছে, যা আসলে কোভিডের ইতিহাসের দলিল হয়ে থাকবে। ২০১৯ থেকে ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে প্রকাশিত বেশ কয়েকটি ছোটগল্পে যেমন, 'শোভনলাল', 'কোভিড ১৯-য়ে কবি ও অকবি', 'বিচ্ছেদ', 'ঙ', 'সম্ভাবনার প্রজাপতি', 'মানুষ স্বভাবত কুকুর নয়', প্রভৃতি গল্পে উঠে এসেছে কোভিড অভিজ্ঞতার নানান প্রসঙ্গ। আমরা বর্তমান নিবন্ধে উক্ত নির্বাচিত গল্পগুলিতে প্রতিফলিত সাম্প্রতিক অতীতের কোভিড সংক্রমণ সংক্রান্ত মহামারির পরিচয় বিচার ও বিশ্লেষণ করেছি। গল্পকাহিনিতে বিভিন্ন চরিত্রের জীবন সংকট এবং সামাজিক পরিবর্তনের দমবন্ধ মুহূর্তের প্রতি আলোকপাত করা হয়েছে, তাতে সমাজতাত্ত্বিক বিশ্লেষণ সম্পন্ন হয়েছে।

সূচক শব্দ: মহামারি, কোভিড সংক্রমণ, লকডাউন, সোশাল ডিসট্যান্সিং, কোয়ারেন্টাইন, মৃত্যু, কথাসাহিত্য

মূল আলোচনা:

সাধন চট্টোপাধ্যায়ের সাম্প্রতিকতম কয়েকটা ছোটগল্পের আলোচনা আমরা বর্তমান নিবন্ধে করব যেখানে, কোভিড সংক্রান্ত স্বাস্থ্যসমস্যা, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক পট-পরিবর্তনের চিহ্নগুলি উঠে এসেছে। কোভিডের সামগ্রিক অভিজ্ঞতা লেখককে 'অনিশ্চয়তা'র ভাষা দিয়েছে। তাই পরিবর্তিত হয়েছে কথাকারের শব্দ ব্যবহারের সচেতনতা। আগেকার, বিশেষত গত পঞ্চাশ বছরের সাহিত্যজীবনের 'নিজস্ব চিন্তা'র বক্তব্য বা থট্‌প্রসেস যা ট্র্যাজিক জীবনের ইনারশিয়াকে ইঙ্গিত করত, সেখানে জায়গা নিচ্ছে হাইজেনবার্গের অনিশ্চয়তার ধারণার প্রতি আস্থা। চরিত্র নির্মাণের দৃষ্টিভঙ্গিও নতুনত্ব পেয়েছে। এই সমষ্টি-বিচ্ছিন্ন 'আমি' সত্ত্বার একাকীত্ব ও সংযুক্তির বিন্যাস আমাদের আলোচ্য গল্পগুলিতে লক্ষ্য করব।

ভূমিকা :

বিশ শতকে যেমন আমাদের জীবনে সবথেকে ভয়ঙ্কর ঘটনা—দুটি বিশ্বযুদ্ধ, তেমনই একবিংশ শতকে এযাবৎ কোভিড মহামারি-ই সবথেকে বিধ্বংসী ঘটনা বিশ্ববাসীর কাছে। কোভিড-১৯ অতিমারির প্রথম সংক্রমণের ঘটনা ভারতে ঘটেছিল ২৭শে জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দে। কেরলে প্রথম সংক্রমণের ঘটনা ঘটেছিল তিনজনের মধ্যে, যারা চীনের উহানে শিক্ষার্থী ছিল। ২০২০